ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী।

টেলিফোনঃ ০২৩৩৪৪- ৭২৩০০,৭৪৭০৭
ওয়েবঃwww.pbs.feni.gov.bd
ই-মেইলঃfenipbs84@gmail.com

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২৪.৩৩৯২ তারিখঃ- ২৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ। ১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির মাধ্যমে লাইন টেকনিশিয়ান এর শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (**A-4 সাইজের কাগজে**) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	লাইন টেকনিশিয়ান **১০ (দশ) টি**	(ক) এসএসসি বা সমমান পাস (বিজ্ঞান বিভাগে অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইনক্রু হিসেবে মোট চাকুরীকাল কমপক্ষে ১০ (দশ) বছর হতে হবে। (খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ন হতে হবে। (ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। (ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে। (চ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে। (ছ) কাজ করার ক্ষেত্রে অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার সক্ষমতা থাকতে হবে। (জ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে। (ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পুরন হতে হবে।

০১। আবেদন করার নিয়মাবলীঃ

আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আগামী ২৬/০৯/২০২৪ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় ফেনী পবিসের সদর দপ্তর, মহিপাল, ফেনীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঙ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(চ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুস্পষ্ট সুপারিশ এবং অনাপত্তি সনদ থাকতে হবে।
(ছ) আবেদনকারী বিগত ০৩ বৎসরে মধ্যে কোন গুরুদন্ড এবং বিগত ০১ বৎসরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত হননি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর, একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি, পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হননি এই মর্মে জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(জ) সকল কাগজপত্র (ফটোকপি) এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

F:\Sherin\HR Department\Niog Biggopthe\LT.doc

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেওয়া হবে। ''চলতি দায়িত্বে'' থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা হবে।

০৪। অতীত কর্ম সম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীদের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল করা হবে। পরবর্তীতে প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০৬। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

০৮। অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী / স্ত্রী অথবা তাদের রক্তের সর্ম্পকীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

০৯। পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীর মেধা, কর্মদক্ষতা, প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ, সততা এবং জ্যেষ্ঠতাকে প্রাধান্য দেয়া হবে।

১০। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয়, তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

১২। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষর সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। যে কোন আবেদন পত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২১/৭/২৪

(হাওলাদার মো: ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।

০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার..................... পবিস-১/২/৩/ ৪।

০৩। ডিজিএম- সোনাগাজী/ দাগনভূঞা/ পরশুরাম/ ফুলগাজী/ ছাগলনাইয়া জোনাল অফিস/ সদর দপ্তর-কারিগরী, ফেনী পবিস, ফেনী ।

০৪। এজিএম (ওএন্ডএম)- রাজাপুর/ কসকা সাব-জোনাল অফিস, ফেনী পবিস।

০৫। নোটিশ বোর্ড, ফেনী পবিস।

০৬। অফিস নথি/মাষ্টার নথি।